নমুনা প্রশ্নপত্র

আলিম পরীক্ষা-২০১৭

বাংলা (প্রথম ভাষা)

পূর্ণমান : ৯০ নিয়মিত পরীক্ষার্থীদের জন্য **সময় : ৩ ঘণ্টা ১৫ মিনিট**

১. ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো : **১×১৭ =১৭**

১.১ 'ঠিক আছে, তপন, তোমার গল্প আমি ছাপিয়ে দেবো'—কথাটি বলেছিলেন—

(ক) পত্রিকা সম্পাদক (খ) তপনের মেসো (গ) তপনের মামা (ঘ) তপনের মেজোকাকু। (জ্ঞানচক্ষু)

১.২ বিরাগী জগদীশবাবুর কাছে কী চেয়েছিলেন?

(ক) অন্নবস্ত্র (খ) দইমিষ্টি (গ) ঠান্ডা জল (ঘ) ফলমূল। (বহুরূপী)

১.৩ অপূর্ব কোন্ শ্রেণির যাত্রী ছিল?

(ক) প্রথম শ্রেণির যাত্রী (খ) দ্বিতীয় শ্রেণির যাত্রী (গ) তৃতীয় শ্রেণির যাত্রী (ঘ) বাতানুকূল শ্রেণির যাত্রী। (পথের দাবী)

১.৪ 'অসুখী একজন' কবিতায় কার মৃত্যু হয়নি?

(ক) মেয়েটির (খ) গ্রামের (গ) শহরের (ঘ) পাহাড়ের। (অসুখী একজন)

১.৫ 'আমাদের মাথায় _________ (শূন্যস্থান পূরণ করো)

(ক) আকাশ (খ) বিমান (গ) বোমারু (ঘ) বোঝা। (আয় আরো বেঁধে বেঁধে থাকি)

১.৬ স্রষ্টা ঘন ঘন মাথা নাড়ছিলেন কেন?

(ক) অসন্তোষে (খ) ক্লান্তিতে (গ) অধৈর্যে (ঘ) নিদ্রায়।

১.৭ 'ঝরনা কলম' নামটা কার দেওয়া হতে পারে বলে প্রাবন্ধিকের মনে হয়েছে?

(ক) রবীন্দ্রনাথের (খ) অবনীন্দ্রনাথের (গ) সুধীন্দ্রনাথের (ঘ) গগনেন্দ্রনাথের। (হারিয়ে যাওয়া কালি-কলম)

১.৮ নিজের হাতের কলমের আঘাতে মারা গিয়েছিলেন—

(ক) লেখক রাজশেখর বসু (খ) লেখক ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায় (গ) লেখক অন্নদাশঙ্কর রায় (ঘ) লেখক শ্রীকান্ত। (হারিয়ে যাওয়া কালি-কলম)

১.৯ বৈজ্ঞানিক প্রসঙ্গের ভাষা কীরূপ হওয়া আবশ্যক?

(ক) সরস ও স্পষ্ট (খ) ব্যঞ্জনাময় (গ) সাবলীল (ঘ) প্রাঞ্জল।

১.১০ সমাপিকা ক্রিয়াকে 'কী' দিয়ে প্রশ্ন করলে পাওয়া যায়—

(ক) কর্তৃসম্পর্ক (খ) কর্মসম্পর্ক (গ) করণ সম্পর্ক (ঘ) সম্বন্ধপদ।

১.১১ শিলং থেকে মামা এসেছে—চিহ্নিত অপাদানটি—

(ক) স্থানবাচক (খ) অবস্থানবাচক (গ) দূরত্ববাচক (ঘ) আধারবাচক।

১.১২ সমাসবদ্ধপদের অন্য নাম—

(ক) সমস্ত পদ (খ) পূর্বপদ (গ) উত্তরপদ (ঘ) সংক্ষেপ পদ।

১.১৩ 'সাতদিন' শব্দের সমাসের নাম—

(ক) দ্বন্দ্ব সমাস (খ) কর্মধারয় সমাস (গ) উপপদ তৎপুরুষ সমাস (ঘ) দ্বিগু সমাস।

১.১৪ ভাষার বৃহত্তম একক—

(ক) বর্ণ (খ) বাক্য (গ) শব্দ (ঘ) পদ।

১.১৫ 'এরা দুজনে একই স্কুলে একই ক্লাসে পড়ে'—গঠনগত দিক দিয়ে বাক্যটি—

(ক) সরল বাক্য (খ) জটিল বাক্য (গ) যৌগিক বাক্য (ঘ) মিশ্র বাক্য।

১.১৬ কর্মকর্তৃবাচ্যে অনুপস্থিত থাকে—

(ক) কর্তা (খ) কর্ম (গ) ক্রিয়া (ঘ) উদ্দেশ্য।

১.১৭ 'হিমালয়ের গুহাতে থাকেন'—বাচ্যটি হল—

(ক) কর্তৃবাচ্য (খ) কর্মবাচ্য (গ) ভাববাচ্য (ঘ) কর্মকর্তৃবাচ্য।

২. কমবেশি ২০টি শব্দে প্রশ্নের উত্তর দাও : **১×১৯ =১৯**

২.১ যে-কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও : (কমবেশি ২০টি শব্দে) **১×৪ =৪**

২.১.১ অমৃত তার বাবা-মা কে কী কারণে জ্বালিয়েছিল? (অদল-বদল)

২.১.২ কোন্ কথা শুনে তপনের চোখ মার্বেল হয়ে গিয়েছিল? (জ্ঞানচক্ষু)

২.১.৩ 'একটু পরেই বাসের ড্রাইভার কাশীনাথ ধমক দেয়'—বাসের ড্রাইভার কাশীনাথ কাকে ধমক দেয়? (বহুরূপী)

২.১.৪ গিরীশ মহাপাত্রের পকেট থেকে কী কী পাওয়া গিয়েছিল? (পথের দাবী)

২.১.৫ দেশের ক্ষীণস্রোতা নদীটি একবার নদের চাঁদকে খুব কষ্ট দিয়েছিল কেন? (নদীর বিদ্রোহ)

২.২ যে-কোনো ৪ টি প্রশ্নের উত্তর দাও : (কমবেশি ২০টি শব্দে) **১×৪ =৪**

২.২.১ 'অসুখী একজন' কবিতায় পায়ের দাগ কীসে ধুয়ে গেল? (অসুখী একজন)

২.২.২ 'আমাদের পথ নেই আর'—পথ না থাকার কারণ কী? (আয় আরো বেঁধে বেঁধে থাকি)

২.২.৩ 'মানহারা মানবী' কে? (আফ্রিকা)

২.২.৪ সকালবেলা পদ্মাবতী সখীদের সঙ্গে কী করতেন? (সিন্ধুতীরে)

২.২.৫ ''তোরা সব জয়ধ্বনি কর''—'জয়ধ্বনি' করবার কারণ কী? (প্রলয়োল্লাস)

২.৩ যে-কোনো ৩ টি প্রশ্নের উত্তর দাও : (কমবেশি ২০টি শব্দে) **১×৩ = ৩**

২.৩.১ 'কুইল' কী? (হারিয়ে যাওয়া কালি কলম)

২.৩.২ কাসকা কে ছিলেন? (হারিয়ে যাওয়া কালি কলম)

২.৩.৩ প্রথম শ্রেণির পাঠকরা কী জানে? (বাংলা ভাষায় বিজ্ঞান)

২.৩.৪ ''এই দোষ থেকে মুক্ত না হলে বাংলা বৈজ্ঞানিক সাহিত্য সুপ্রতিষ্ঠিত হবে না''—এখানে কোন্ দোষের কথা বলা হয়েছে? (বাংলা ভাষায় বিজ্ঞান)

২.৪ যে-কোনো ৮ টি প্রশ্নের উত্তর দাও : (কমবেশি ২০টি শব্দে) ১×৮=৮

২.৪.১ ধাতু বিভক্তি কাকে বলে? উদাহরণ দাও।

২.৪.২ কর্মকারক কাকে বলে? বাক্যে এটিকে কীভাবে খুঁজে পাওয়া যায়?

২.৪.৩ 'আপাদমস্তক' শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো।

২.৪.৪ কর্মধারয় সমাস কাকে বলে উদাহরণসহ বুঝিয়ে দাও।

২.৪.৫ সমাস কয় প্রকার ও কী কী?

২.৪.৬ বাক্যে উদ্দেশ্য বলতে কী বোঝায়? উদাহরণসহ বুঝিয়ে দাও।

২.৪.৭ 'উদাহরণসহযোগে' খণ্ড বাক্য' ও 'স্বাধীন বাক্যে'র পার্থক্য বুঝিয়ে দাও।

২.৪.৮ 'অল্প লোকেই বেদের অর্থ বুঝত'—এই বাক্যটিকে 'না-বাচক' বাক্যে রূপান্তর করো।

২.৪.৯ কর্তৃবাচ্য বলতে কী বোঝায়? উদাহরণ দাও।

২.৪.১০ বাচ্য পরিবর্তনে কোন্ কোন্ বিষয়ের বদল হয় না?

৩. কমবেশি ৬০টি শব্দে যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দাও : ৩×২ =৬

৩.১ ''পারিলে মানুষ কি তাকে রেহাই দিবে''?—কার কথা বলা হয়েছে? মানুষের তাকে রেহাই না দেওয়ার পরিণতি কী হয়? ১+২ = ৩ (নদীর বিদ্রোহ)

৩.২ ''এতো বড়ো বন্ধু''—কাকে, কেন এত বড়ো বন্ধু বলা হয়েছে? ১+২ = ৩ (পথের দাবী)

৩.৩ ''এতে দুজনেরই ভয় কেটে গেল''—কোন্ ঘটনায় কীভাবে দুজনের ভয় কেটে গেল তা বুঝিয়ে বল। ১+২ = ৩ (অদল-বদল)

৪. কমবেশি ৬০টি শব্দে যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দাও : ৩×২ =৬

৪.১ '' ধিক্ মোরে'—'মোরে' বলতে কাকে বোঝানো হয়েছে? কেন নিজেকে তিনি ধিক্কার জানিয়েছেন? ১+২ = ৩ (অভিষেক)

৪.২ 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতার পটভূমি সংক্ষেপে আলোচনা করো। ৩ (অস্ত্রের বিরুদ্ধে গান)

৪.৩ ''পঞ্চকন্যা পাইলা চেতন।''—পঞ্চকন্যা কী করে চেতনশক্তি ফিরে পেল? (সিন্ধুতীরে) ৩

৫. কমবেশি ৬০টি শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাও : ৩×১ =৩

৫.১ '' যে লোক আজন্ম ইজার পরেছে তার পক্ষে হঠাৎ ধুতি পরা অভ্যাস করা একটু শক্ত।''—উদ্ধৃতিটি কোন্ প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে? কোন্ প্রসঙ্গে উক্ত উদ্ধৃতির অবতারণা ঘটেছে? (বাংলা ভাষায় বিজ্ঞান) ১+২=৩

৫.২ কলমকে তলোয়ারের চেয়ে শক্তিধর বলার কারণ কী? (হারিয়ে যাওয়া কালি কলম) ৩

৬. যে-কোনো ১ টি প্রশ্নের উত্তর দাও : (অনধিক ১৫০ শব্দে) **৫×১=৫**

৬.১ 'অমৃতের জবাব আমাকে বদলে দিয়েছে'—অমৃতের জবাব কাকে বদলে দিয়েছে? তার চরিত্রে কী ধরনের বদল ঘটেছিল তা বর্ণনা করো। ১+৪=৫ (অদল-বদল)

৬.২ 'তেমনই অনায়াসে সোনাও মাড়িয়ে চলে যেতে পারি'।—আলোচ্য উক্তির প্রেক্ষিতে হরিদার নির্লোভ জীবনের যে পরিচয় ফুটে উঠেছে, তা আলোচনা করো। ৫ (বহুরূপী)

৭. যে-কোনো ১ টি প্রশ্নের উত্তর দাও : (অনধিক ১৫০ শব্দে) **৫×১ = ৫**

৭.১ 'অভিষেক' কবিতায় কার কোন্ পদে অভিষেক হয়েছিল? কেন তাঁর এই অভিষেক? ১+১+৩=৫ (অভিষেক)।

৭.২ 'ভাঙা-গড়া খেলা যে তার কীসের তবে ডর'?—'ভাঙা-গড়া' খেলা বলতে কী বোঝানো হয়েছে? ভাঙা-গড়া খেলার মধ্যে তার ভয় নেই কেন? ২+৩ = ৫ (প্রলয়োল্লাস)

৮. যে-কোনো ১ টি প্রশ্নের উত্তর দাও : (কমবেশি ১৫০ টি শব্দে) **১×৫ = ৫**

৮.১ ''দোয়াত যে কত রকমের হতে পারে, না দেখলে বিশ্বাস করা শক্ত''—পাঠ্য প্রবন্ধ অনুসারে রকমারি দোয়াতের পরিচয় দাও? কার দোয়াত সংগ্রহ দেখতে গিয়ে বক্তার কী অভিজ্ঞতা হয়েছিল? ২+৩ = ৫ (হারিয়ে যাওয়া কালিকলম)

৮.২ 'অল্পবিদ্যা ভয়ংকরী' এই প্রবন্ধটি যে কত ঠিক তার প্রমাণ আমাদের সাময়িক পত্রাদিতে মাঝে মাঝে পাওয়া যায়।''—কীভাবে প্রমাণ পাওয়া যায়? এর স্বপক্ষে যুক্তি দাও। ৩+২ = ৫ (বাংলা ভাষায় বিজ্ঞান)

৯. যে-কোনো ১ টি প্রশ্নের উত্তর দাও : (কমবেশি ১৫০ টি শব্দে) **৫×১ = ৫**

৯.১ ''তোমাকে আমরা তোপের মুখে উড়িয়ে দিতে পারি, জান?''—বক্তা কে? উদ্দিষ্ট ব্যক্তির প্রতি এরূপ হুংকারের কারণ কী? ১+৪ = ৫ (সিরাজদ্দৌল্লা)

৯.২ 'সিরাজদ্দৌল্লা' নাট্যাংশে সিরাজ চরিত্রের ট্র্যাজেডি কোথায় তা আলোচনা করো। ৫ (সিরাজদ্দৌল্লা)

১০. নীচের যে-কোনো একটি বিষয় কমবেশি ৪০০ শব্দের মধ্যে প্রবন্ধ রচনা করো : **১০×১ =১০**

১০.১ সংবাদপত্র পাঠের উপযোগিতা

১০.২ চরিত্র গঠনে খেলার গুরুত্ব

১০.৩ বিজ্ঞানের অগ্রগতি ও পরিবেশ সংরক্ষণ

১০.৪ বাংলার হস্তশিল্প।

১১. নীচের অনুচ্ছেদটির বঙ্গানুবাদ করো : **৪×১ = ৪**

It is very difficult to get rid of bad habits. So, we should be very careful that we do not get into bad habits in our boyhood. Idleness is now such bad habits. Every boy and girl should be diligent. They should shun idleness as Poison.

১২. নীচের যে-কোনো ১টি বিষয় নিয়ে কাল্পনিক সংলাপ অথবা প্রতিবেদন রচনা করো: **৫×১ = ৫**

১২.১ 'মাতৃভাষার সঙ্গে ইংরেজি ভাষা শেখার প্রয়োজনীয়তা'—বিষয়ে দুই বন্ধুর কথা অবলম্বনে সংলাপ রচনা করো।

১২.২ 'মোবাইলের অতিরিক্ত ব্যবহারে বিপন্ন প্রকৃতি' বিষয়ে প্রতিবেদন রচনা করো।